

স্নাতকোত্তর পরীক্ষা-২০১৬

বাংলা

(নুতন পাঠক্রম)

প্রথম সেমিস্টার

পত্র : ১০২

বিষয় : বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

(প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $৮ \times ৩ = ২৪$
- ক) মধ্যযুগের বাংলা সাহিত্য, সমাজ ও সংস্কৃতির পটভূমিকায় তুর্কি আক্রমণের প্রভাব আলোচনা করো।
- খ) চর্যাপদগুলিতে অন্ত্যজ সমাজের প্রাত্যহিক জীবনের চিত্র কীভাবে বর্ণিত হয়েছে — আলোচনা করো।
- গ) 'শ্রীকৃষ্ণকীর্তন নাট্যলক্ষণাক্রান্ত আখ্যানকাব্য'
— যুক্তির নিরিখে বিচার করো।
- ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে বড়ায়ি চরিত্রের উপযোগিতা উল্লেখ করো।

[Turn over]

- ঙ) কৃত্তিবাসের রামায়ণে বাল্মীকির রামায়ণ বহির্ভূত অনেক ঘটনাই সন্নিবিষ্ট হয়েছে। — আলোচনা করো।

- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) চৈতন্যোত্তর যুগের বাংলা সাহিত্য, সমাজ ও সংস্কৃতির বিকাশের ধারাটি পর্যালোচনা করো।
- খ) 'উঁচা উঁচা পাকত তহিঁ বসই সবরী বানী' — পদটিতে শবর-শবরীর প্রণয় চিত্রের মধ্য দিয়ে রোমান্টিকতার পরিচয় কীভাবে ফুটে উঠেছে — আলোচনা করো।
- গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের বংশীখণ্ডের গুরুত্ব বিচার করো।
- ঘ) 'লঙ্কাকাণ্ডে ইন্দ্রজিৎবধ উপাখ্যান' — কৃত্তিবাসী রামায়ণের এই উপাখ্যানটি লেখো।

- ৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৩ = ৬$
- ক) মধ্যযুগে কোন্ সামাজিক পটভূমিতে মঙ্গলকাব্যগুলি রচিত হয়?
- খ) চর্যাগীতির ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলা হয় কেন?
- গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে ব্যবহৃত দুটি প্রবাদের উল্লেখ করো।
- ঘ) 'বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জানী।
মোর মন পোড়ে মেহু কুস্তারের পণী।'
— ছত্র দুটির তাৎপর্য লেখো।
- ঙ) কৃত্তিবাসের জন্মস্থান কোথায়? কে প্রথম কৃত্তিবাসের আত্মবিবরণী প্রকাশ করেন?

128/Beng.

[2]